

সরকারী মেডিক্যালগুলোর বৃত্তির টাকা বর্ধিত করা হোক

দেশের ১৩টি সরকারী মেডিক্যাল কলেজে প্রতি বছর মেধার ভিত্তিতে সর্বমোট ১৪৫০ জন ছাত্র-ছাত্রী ভর্তি হয়ে থাকে। এই ছাত্র-ছাত্রীদের মধ্যে মেধার ভিত্তিতে প্রথম ৬০% ছাত্র-ছাত্রীকে মেডিক্যাল কলেজের ৫টি শিক্ষাবর্ষে ৫ বার ১৪০০ টাকা (বৃত্তি ১২০০ টাকা এবং বইকেনা বাবদ ২০০ টাকা) করে বৃত্তি প্রদান করা হয়। কিন্তু আক্ষেপের বিষয় এই যে, মেধাবী ছাত্র-ছাত্রীদের এ বৃত্তির টাকা বিগত প্রায় ২৫ বছরেও বৃদ্ধি করা হয়নি। উল্লেখ্য যে, বৃত্তির টাকা বৃদ্ধির জন্য এবং ৬০% এর পরিবর্তে ১০০% ছাত্র-ছাত্রীকে বৃত্তি প্রদানের ব্যাপারে দেশের বিভিন্ন মেডিক্যাল কলেজের ছাত্র-ছাত্রীরা মিছিল-মিটিং লিফলেট বিতরণ ও আন্দোলন করে আসছিল। কিন্তু অদ্যাবধি এ বৃত্তির টাকা বৃদ্ধি করা হয়নি। ইতিমধ্যে এ দীর্ঘ সময়ে শিক্ষাব্যয়সহ জীবনযাত্রার ব্যয় বেড়েছে বহুগুণ। তাছাড়া চিকিৎসাবিজ্ঞানের মতো কঠোর কারিকুলামের শিক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য প্রতিটি ছাত্র-ছাত্রীর অসংখ্য পাঠ্যপুস্তক থাকা বাঞ্ছনীয়। এ সকল বিদেশী বইপত্র অত্যন্ত দামী যা ক্রয় করা সরকারী মেডিক্যাল কলেজের মধ্যবিত্ত কিংবা নিম্ন মধ্যবিত্ত পরিবারের সন্তানদের জন্য কঠিন হয়ে পড়ে। আমরা তাই সঙ্গত কারণেই দেশের ১৩টি সরকারী মেডিক্যাল কলেজের ১৪৫০ জন ছাত্র-ছাত্রীর বৃত্তির টাকা বৃদ্ধি করে ৩০০০ টাকায় উন্নীত করার ব্যাপারে এবং এই বৃত্তি ৬০% থেকে বৃদ্ধি করে ১০০% ছাত্র-ছাত্রীকে প্রদানের জন্য আবেদন জানাচ্ছি। আশা করি যথাযথ উর্ধ্বতন কর্তৃপক্ষ মেডিক্যাল কলেজগুলোর মেধাবী ছাত্র-ছাত্রীদের সময়োপযোগী এ দাবীসমূহ বাস্তবায়ন করবেন এবং দক্ষ সূচিক্ষসক সৃষ্টিতে সহায়তা করবেন।

ডাঃ জাহিদ হোসেন লোটার,
ফরিদগঞ্জ, চাঁদপুর ৩৬৫০।